

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
ঢাকা  
www.acc.org.bd

নং ০৪.০১.০০০০.১০৪.৭২.০০১.১৮-

তারিখ: ২৭/০৩/২০১৮

অফিস আদেশ

দুর্নীতি দমন কমিশনের শূন্য পদের বিপরীতে নিম্নলিখিত ব্যক্তিবর্গকে নিম্নবর্ণিত শর্তে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-২০ টাকা ৮২৫০-২০০১০ বেতনক্রমে দুর্নীতি দমন কমিশনের 'অফিস সহায়ক' পদে নিয়োগ করা হলো:

ক্রমিক নম্বর	রোল নম্বর	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং স্থায়ী ঠিকানা
১.	২১০০০২৭২	জাকির হোসেন, পিতা: মোকেদ আলী, মাতা: জামফুলি খাতুন গ্রাম: রায়গড়, ডাকঘর: কানাইঘাট-৩১৮০, উপজেলা: কানাইঘাট, জেলা: সিলেট।
২.	২১০০০৫০৭	মোঃ আব্দুল জব্বার, পিতা: মুত সুলতান উদ্দিন, মাতা: সরভানু বেগম গ্রাম: নিলুয়া, ডাকঘর: চকমিরপুর-১৮৬০, উপজেলা: দৌলতপুর, জেলা: মানিকগঞ্জ।

শর্তাবলী:

- (ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
  - (খ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০০৮-এর ৭(১)(ক) বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিস থাকবেন;
  - (গ) শিক্ষানবিসকালীন দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০০৮-এর ৭(২)(ক) এবং ৫৪ (১) ধারা অনুযায়ী কমিশন যে কোন শিক্ষানবিসের চাকুরির অবসান ঘটাতে পারবে;
  - (ঘ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০০৮-এর ৭(৩) বিধি অনুযায়ী শিক্ষানবিসকালে সন্তোষজনকভাবে দায়িত্ব পালনের পর সরকার ও কমিশন কর্তৃক সময় সময় জারীকৃত অন্যান্য শর্তাবলী পূরণ ও কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে কমিশনের বিধি মোতাবেক চাকুরি স্থায়ী করা হবে;
  - (ঙ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে কমিশন/সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং কমিশন/সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা তাঁর চাকুরি সম্পর্কিত বিষয়াদি নিয়ন্ত্রিত হবে;
  - (চ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০০৮-এর ৩৮(৬) বিধি অনুযায়ী যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে নির্দিষ্ট ফরমে নিজ এবং পরিবারের সদস্যগণের সম্পদ বিবরণী কমিশনের সচিব বরাবর দাখিল করতে হবে।
  - (ছ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০০৮-এর বিধি ১৬ অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে;
  - (জ) সিভিল সার্জনের নিকট হতে সরকারি চাকুরির জন্য শারীরিক উপযুক্ততার প্রত্যয়নপত্র সহকারে যোগদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে কিংবা যোগদান পরবর্তীতে তার/তাদের চরিত্র ও অতীত কার্যকলাপ সম্পর্কে যদি পুলিশ কর্তৃক সন্তোষজনক প্রতিবেদন পাওয়া না যায় তাহলে তার/তাদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
  - (ঝ) দাখিলকৃত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, মুক্তিযোদ্ধা সনদসহ অন্যান্য সনদের সত্যতা যাচাই করে সন্তোষজনক পাওয়া না গেলে কিংবা ভূয়া বলে প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
  - (ঞ) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ২। উপরোক্ত শর্তাবলীর আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী ০১ এপ্রিল ২০১৮ তারিখ সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।
- ৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হল।

স্বাক্ষরিত/  
মোহাম্মাদ মুনির চৌধুরী  
মহাপরিচালক (প্রশাসন)  
ফোন: ০২-৯৩৪৯০১৩  
E-mail: dg.admin@acc.org.bd

